

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৬৯

তারিখ: ২০ মাঘ ১৪২৬

০৩ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ০৩ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস: দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নাই এবং কোনো সংকেত দেখাতে হবে না।

আজ সন্ধ্যা ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ উপমহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ বাংলাদেশের পশ্চিমাঞ্চল পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

কুয়াশাঃ শেষরাত থেকে সকাল পর্যন্ত দেশের কোথাও কোথাও হালকা কুয়াশা পড়তে পারে।

শৈত্য

প্রবাহঃ টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, সন্দ্বীপ, কুমিল্লা, যশোর, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, বরিশাল ও ভোলা অঞ্চলসহ ময়মনসিংহ, সিলেট, রংপুর ও রাজশাহী বিভাগের উপর দিয়ে মৃদু শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে ও তা অব্যাহত থাকতে পারে এবং তা বিস্তৃতি লাভ করতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৪.২	২৩.১	২৭.০	২৫.০	২৩.৮	২৪.০	২৫.৮	২৫.৩
সর্বনিম্ন তাপমাত্রা	০৮.৩	০৯.৪	০৯.৪	০৬.৬	০৬.৮	০৭.০	০৬.৮	০৯.০

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল কুতুবদিয়া ২৭.০° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা শ্রীমঙ্গল ০৬.৬°সেঃ।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ০১/০২/২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০২/০২/২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৩৩টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৬	১	০
২।	ময়মনসিংহ	৪	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	৫	০	০
৬।	রংপুর	৫	০	০
৭।	চট্টগ্রাম	৩	০	০
৮।	খুলনা	৯	০	০
	মোট	৩৩	১	০

উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

চট্টগ্রামঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান, আজ ০৩.০২.২০২০ ইং তারিখ ভোর ০৫.০৫ মিনিটের সময় মাঝিরঘাট, চট্টগ্রাম এলাকায় কাচারী লাইন বস্তি, রেলবিড বস্তি, এসআরবি বস্তি এবং এসআরবি বস্তি নামে চারটি বস্তিতে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ১৫ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে সকাল ০৭.৫০ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকান্ডে কোন হতাহতের খবর পাওয়া যায়নি। বিস্তারিত তথ্য পাওয়ার পর প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হবে।

মানিকগঞ্জঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান, গত ০২.০২.২০২০ ইং তারিখ বিকাল ০৪.০৪ মিনিটের সময় জগন্নাথপুর, সাটুরিয়া, মানিকগঞ্জ এলাকায় ছোট ছোট কাঁচা টিনসেড ঘরে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ০১ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে বিকাল ০৪.৫০ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকান্ডে আওলাদ (৩৫) নামে একজন আহত হয়েছেন।

২। ইহা মহোদয়ের সদয় অবগিতর জন্য প্রেরণ করা হলো।

৩-২-২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৬৯/১(৬৫)

তারিখ: ২০ মাঘ ১৪২৬
০৩ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক , ত্রাণ অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) উপপরিচালক , পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা



৩-২-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা